

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন নং- অফিস : ০৪৫১-৬২১৩৬
বাসা : ০৪৫১-৬২১৫৭
ফ্যাক্স নং : ০৪৫১-৬২৪৪৩



নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
ঝিনাইদহ পণ্ডর বিভাগ
বাপাউবো, ঝিনাইদহ।

E-mail: ee.bdwb.jhenaidah@gmail.com

স্মারক নং- এস-৩/ ১৮৭

তারিখ: ০২/০৩/২০২৩

“উন্মুক্ত নিলাম বিজ্ঞপ্তি নং- ০২/২০২২-২৩”

১।	মন্ত্রণালয় ও সংস্থা	পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঝিনাইদহ।			
২।	সংগ্রহকারী সংস্থার নাম ও জেলা	নির্বাহী প্রকৌশলী, ঝিনাইদহ পণ্ডর বিভাগ, বাপাউবো, ঝিনাইদহ।			
৩।	দরপত্র আহ্বানের সূত্র ও তারিখ	অত্র দপ্তর স্মারক নং- এস-৩/ ১৭৯ তারিখঃ-২৮-০২-২০২৩ ইং।			
৪।	দরপত্র সংগ্রহ পদ্ধতি ও দরপত্র নম্বর	উন্মুক্ত দরপত্র পদ্ধতি, দরপত্র নম্বর-০২/২০২২-২৩।			
৫।	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	১৯-০৩-২০২৩ ইং ব্যাংক চলাকালীন সময়।			
৬।	দরপত্র জমার দেওয়ার সর্বশেষ তারিখ ও সময়	২১-০৩-২০২৩ ইং সকাল ১০.০০ ঘটিকা পর্যন্ত।			
৭।	দরপত্র খোলার তারিখ ও সময়	২১-০৩-২০২৩ ইং দুপুর ১২.০০ ঘটিকা।			
৮।	দরপত্র দলিল বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা	জনতা ব্যাংক, ঝিনাইদহ কর্পোরেট শাখা, ঝিনাইদহ।			
৯।	দরপত্র গ্রহণকারীর দপ্তর	১। নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপাউবো, ঝিনাইদহ। ২। জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।			
১০।	দরপত্র দলিল খোলার দপ্তর	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপাউবো, ঝিনাইদহ।			
১১।	দরদাতার যোগ্যতা	যে কোনো ট্রেড লাইসেন্সধারী ব্যক্তি/প্রতিষ্ঠান/ প্রকৃত কাঠ ব্যবসায়ী।			
১২।	দরপত্রে আহ্বানকৃত কাজের বিবরণ	প্যাকেজ নং	(জামানতের পরিমাণ টাকা)	দরপত্র দলিলের মূল্য (টাকা)	মন্তব্য
১৩।	২০২২-২৩ ইং অর্থ বছরের বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড শৈলকুপা পণ্ডর উপ-বিভাগীয় আলমডাঙ্গা প্রধান সেচ খালের বাম পাড়ে চেইনেজ ৩৪.১৮০ হইতে ৩৬.৩০০ কিগ্রমিঃ পর্যন্ত ও ৩৪.৩০০ কিগ্রমিঃ হতে ৩৬.৩০০ পর্যন্ত ডান পাড়ে বারইপাড়া কৃষি ও মৎস্য সমবায় সমিতি লিমিটেড কর্তৃক রোপিত ইপিল ইপিল ও বাবলা বিবিধ প্রজাতির (খাড়া) গাছসমূহ উন্মুক্ত দরপত্রের মাধ্যমে বিক্রি/নিলাম প্রদানের নিমিত্তে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে বিক্রয়। নিলামে উদ্ধৃত দর অবশ্যই গাছগুলির অনুমোদিত বুক ভ্যান্ডুর বেশি হতে হবে।	Auc/Jhe/ 02/2022- 23	উদ্ধৃত দরের ২৫%	৫০০/- (পাঁচশত) টাকা মাত্র	জামানতের টাকা “ডিমান্ড ড্রাফট /পে.অর্ডার” আকারে যে কোনো তফশিলভুক্ত ব্যাংক হতে ‘উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (রয়াক), বাপাউবো কুষ্টিয়া’ শিরোনামে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

বিশেষ শর্তাবলী:

- ০১। দরপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ দাখিল করতে হবে।
ক) ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি, খ) ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট এর সত্যায়িত কপি। গ) টি, আই, এন, নম্বর সংবলিত আয়কর ক্রিয়ারেপ সার্টিফিকেট এর সত্যায়িত কপি। ঘ) ভোটার আইডি কার্ডের সত্যায়িত কপি। এ সকল কপি না থাকিলে বা মিথ্যা তথ্য উপস্থাপন করলে দরপত্র গ্রহণযোগ্য হবেনা।
- ০২। দরপত্রে সংযুক্ত সিডিউলে উদ্ধৃত দর/ একক দর অঙ্কে ও কথায় সুস্পষ্ট ও পরিষ্কারভাবে লিখতে হবে। কাটা-কাটি বা ঘষাঘষি দর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। সংযুক্ত সিডিউল যথাযথ ভাবে পূরণ করতে হবে। দাখিলের পূর্বে দর সংশোধন করার প্রয়োজন হলে তা একটানে কেটে তারিখ ও স্বাক্ষরসহ পুনরায় স্পষ্টভাবে লিখতে হবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৩। দরপত্রে তফশীলে উদ্ধৃত মোট দরের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) টাকা জামানত হিসাবে ‘উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (রয়াক), বাপাউবো কুষ্টিয়া’ শিরোনামে “ ডিমান্ড ড্রাফট/পে.অর্ডার” করে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য হবে না। কার্যদেশ ইস্যু না হওয়া পর্যন্ত দরপত্রে অংশগ্রহণকারী ব্যক্তি/ প্রতিষ্ঠান/ কাঠ ব্যবসায়ীদের জামানতের টাকা ফেরত প্রদান করা হবে না।
- ০৪। দরপত্রের প্রতি পাতায় তারিখসহ স্বাক্ষর প্রদান করতে হবে এবং খামের উপর দরপত্রের বিবরণসহ দরপত্র আহ্বানকারী ও দরদাতার (প্রাপক ও প্রেরক) নাম ও ঠিকানা স্পষ্টভাবে লিখতে হবে। অন্যথায় দরপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
- ০৫। কৃতকার্য দরদাতাকে উদ্ধৃত মূল্যের সমুদয় অর্থ এবং ৭.৫% ভ্যাট, ৫% আয়কর, পরবর্তী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা প্রদান করে কার্যদেশ গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে কোনো রূপ কিস্তির সুযোগ থাকবে না। অন্যথায় জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে।
- ০৬। দরপত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্তভাবে মঞ্জুর হওয়ার পর অকৃতকার্য দরদাতাগণের জামানতের টাকা বাবদ দাখিলকৃত ‘ডিমান্ড ড্রাফট (ডি.ডি)/পে.অর্ডার’ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অবমুক্ত করে ফেরত প্রদান করা হবে।
- ০৭। দরপত্রে অংশগ্রহণকারীগণ দরপত্র দাখিলের পূর্বে নিজ দায়িত্বে চিহ্নিত গাছগুলির বর্তমান অবস্থা সরেজমিনে পরিদর্শন করে দেখে নিবেন। চিহ্নিত গাছগুলির গুণাগুণ বা অবস্থার বিষয়ে ও পরিমাণ সম্পর্কে পরে কোনো প্রকার অভিযোগ ও আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ০৮। কার্যদেশে উল্লিখিত নির্দিষ্ট সময়ের মধ্যে গাছ/ জ্বালানী অপসারণ করে নিতে হবে। উল্লিখিত মালামাল পরিবহন করার সময় পানি উন্নয়ন বোর্ডের কোনো সম্পত্তির ক্ষতি হলে তার দায়-দায়িত্ব তাকেই বহন করতে হবে।
- ০৯। কৃতকার্য দরদাতা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিলামকৃত গাছ/জ্বালানী যথাযথভাবে অপসারণের পর তার জামানতের টাকা ফেরৎ দেওয়া হবে।
- ১০। উপযুক্ত কর্তৃপক্ষের উপর দরপত্র মঞ্জুর নির্ভরশীল। তিনি সর্বোচ্চ দরদাতাকে মঞ্জুরী / কার্যদেশ প্রদানে বাধ্য নহেন এবং যে কোন/সকল দরপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- ১১। উক্ত গাছগুলি সেচ খালের পাড়ে অবস্থিত বিধায় নিলামকৃত গাছ মাটি থেকে ২” (দুই) ইঞ্চি উপর থেকে কর্তন করতে হবে।
- ১২। চূড়ান্তভাবে নিবাচিত ব্যক্তি/প্রতিষ্ঠান/কাঠ ব্যবসায়ীর জামানত জামানতের টাকা কার্যক্ষেত্রে ফেরত প্রদান করা হবে।

01.03.2023

(মোঃ আবু রায়হান)
নির্বাহী প্রকৌশলী
পরিচিতি নং-৮৩০২০৫০০১
ঝিনাইদহ পণ্ডর বিভাগ
বাপাউবো, ঝিনাইদহ।

০২/০৩/২০২৩ ইং